

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা ১০০০।

চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান সেবার ধাপসমূহ

একনজরে ধাপসমূহ

- ধাপ-১: আবেদন জমা এবং ডিভিডি ও কাগজপত্র যাচাই
ধাপ-২: সেন্সর সূচিভুক্তি, পরীক্ষণ ও সনদপত্র প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ
ধাপ-৩: বিনা কর্তনে পাশ হলে সরাসরি সনদপত্র প্রদান
ধাপ-৪: কর্তন/সংশোধন সাপেক্ষে পাশ হলে তা নিশ্চিত করে সনদপত্র প্রদান
ধাপ-৫: সেন্সর বোর্ড কর্তৃক প্রদর্শন অনুপযোগী বিবেচিত হওয়া, আপিল এবং আপিলে নিষ্পত্তি
ধাপ-৬: আপিল আবেদন অগ্রাহ্য, আপিল কমিটিতে প্রদর্শন অনুপযোগী বিবেচিত এবং
সনদপত্রবিহীন চলচ্চিত্র ঘোষণা
ধাপ-৭: চলচ্চিত্রের রিভাইজড ভার্সনের জন্য সেন্সর সনদপত্রের আবেদন

ধাপসমূহের বিবরণ

ধাপ-১: আবেদন জমা এবং ডিভিডি ও কাগজপত্র যাচাই

- ১.১. সেবা গ্রহীতা বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ওয়েবসাইট /অফিস থেকে ফরম -১ এবং চলচ্চিত্রের প্রযোজক, সংগীত পরিচালক ও কাহিনিকারের হলফনামাসহ বোর্ডের চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র পূরণ করে চলচ্চিত্রের ডিভিডিসহ সেন্সর বোর্ডের সচিবের দপ্তরে জমা দিবেন।
১.২. বোর্ড সচিব একজন চলচ্চিত্র পরিদর্শককে আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে শাখার দায়িত্ব দিবেন।
১.৩. সংশ্লিষ্ট চলচ্চিত্র পরিদর্শক চলচ্চিত্রের প্রযোজক /প্রতিনিধিকে নিয়ে প্রজেকশন রুমে চলচ্চিত্রটির ডিভিডির সচলতা পরীক্ষা করেন এবং সংশ্লিষ্ট কাগজপত্র দেখে নেন।
১.৪. ডিভিডি সচল ও কাগজপত্র সঠিক হলে আবেদন জমা নিয়ে প্রাপ্তি রশিদ দেওয়া হয়।

ধাপ-২: সেন্সর সূচিভুক্তি, পরীক্ষণ ও সনদপত্র প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ

- ২.১. চলচ্চিত্রের ডিভিডি সচল ও সংশ্লিষ্ট কাগজপত্র সঠিক থাকলে চলচ্চিত্রটির সেন্সর সনদের জন্য পরীক্ষণের লক্ষ্যে সূচিভুক্ত হয়।
২.২. নির্ধারিত তারিখ ও সময়ে সেন্সর বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ চলচ্চিত্রটি পরীক্ষা করেন।
২.৩. পরীক্ষণের পর বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দের সর্বসম্মত বা সংগঠিত মতামতের ভিত্তিতে বোর্ডের চেয়ারম্যান মহোদয় চলচ্চিত্রটির সেন্সর সনদপত্র বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন।

ধাপ-৩: বিনা কর্তনে পাশ হলে সরাসরি সনদপত্র প্রদান

- ৩.১. চলচ্চিত্রটি বিনা কর্তনে পাশ হলে সরাসরি সেন্সর সনদপত্র প্রস্তুতির কার্যক্রম গ্রহণ করা হয়।
- ৩.২. চেয়ারম্যান মহোদয় (তীর অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান) কর্তৃক স্বাক্ষরিত সনদ পত্র চলচ্চিত্রের প্রযোজক/মনোনীত প্রতিনিধির হাতে হস্তান্তর করা হয়।

ধাপ-৪: কর্তন/সংশোধন সাপেক্ষে পাশ হলে তা নিশ্চিত করে সনদপত্র প্রদান

- ৪.১. চলচ্চিত্রটি কর্তন/সংশোধন সাপেক্ষে পাশ হলে সেন্সর বোর্ডের সিদ্ধান্ত সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজককে পত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হয়।
- ৪.২. প্রযোজক বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নে সম্মত হলে তদানুযায়ী কর্তন/সংশোধন করে চলচ্চিত্রের ডিভিডি সেন্সর বোর্ডে জমা দিবেন।
- ৪.৩. কর্তন/সংশোধন বোর্ড কার্যালয়ের কর্মকর্তাগণ প্রশাসনিকভাবে পরীক্ষা করে বোর্ড সভায় প্রতিবেদন দাখিল করেন।
- ৪.৪. কর্তন/সংশোধনের ক্ষেত্রে সেন্সর বোর্ডের সিদ্ধান্ত প্রতিপালিত হয়েছে মর্মে প্রতীয়মান হলে কর্তন/সংশোধন সাপেক্ষে সেন্সর সনদপত্র প্রদান করা হয়।

ধাপ-৫: সেন্সর বোর্ড কর্তৃক প্রদর্শন অনুপযোগী বিবেচিত হওয়া, আপিল ও আপিলে নিষ্পত্তি

- ৫.১. সেন্সর বোর্ড কর্তৃক চলচ্চিত্রটি জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় বলে বিবেচিত হলে সেন্সর সনদের জন্য আবেদন অগ্রাহ্য করে তা সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজককে পত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হয়।
- ৫.২. প্রযোজক বোর্ডের সিদ্ধান্তের সঙ্গে দ্বিমত পোষণ করলে সরকার বরাবর ৩০ দিনের মধ্যে আপিল করলে সরকার তা গ্রহণ করেন।
- ৫.৩. চলচ্চিত্রটি চলচ্চিত্র আপিল বোর্ড কর্তৃক পরীক্ষা করা হয়।
- ৫.৪. আপিল বোর্ডের সিদ্ধান্তে চলচ্চিত্রটি বিনা কর্তনে বা কর্তন /সংশোধন সাপেক্ষে প্রদর্শন উপযোগী বিবেচিত হলে তদানুযায়ী সেন্সর সনদপত্র প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়।

ধাপ-৬: আপিল আবেদন অগ্রাহ্য, আপিল কমিটিতে প্রদর্শন অনুপযোগী বিবেচিত এবং সনদপত্রবিহীন চলচ্চিত্র ঘোষণা

- ৬.১. আপিল আবেদন যথাযথভাবে ও নির্ধারিত সময়ের মধ্যে না হলে সরকার আবেদন অগ্রাহ্য করে।
- ৬.২. আপিল কমিটির কাছেও চলচ্চিত্রটি জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় মর্মে বিবেচিত হলে চলচ্চিত্রের সেন্সর সনদের আবেদন চূড়ান্তভাবে অগ্রাহ্য করা হয়।
- ৬.৩. সরকার কর্তৃক আপিল আবেদন অগ্রাহ্য হলে বা আপিল কমিটির বিবেচনায় চলচ্চিত্রটি জনসাধারণের মধ্যে প্রদর্শন অনুপযোগী বিবেচিত হলে চলচ্চিত্রটিকে একটি সনদপত্রবিহীন চলচ্চিত্র হিসেবে ঘোষণা করা হয়। (প্রজ্ঞাপন জারি ও গেজেট নোটিফিকেশনের মাধ্যমে)

ধাপ-৭: চলচ্চিত্রের রিভাইজড ভার্সনের জন্য সেন্সর সনদপত্রের আবেদন

- ৭.১. সনদপত্রবিহীন চলচ্চিত্র হিসেবে ঘোষিত কোনো চলচ্চিত্রের রিভাইজড ভার্সনের সেন্সর সনদপত্রের জন্য সংশ্লিষ্ট প্রযোজক আবেদন করতে পারেন।
- ৭.২. রিভাইজড ভার্সন প্রস্তুতের জন্য প্রযোজক মূল চলচ্চিত্রের আপত্তিকর অংশসমূহ কর্তনের পাশাপাশি প্রয়োজনীয় অন্য কোনো সংশোধন এবং নতুন দৃশ্য ও সংলাপ সংযোজন করতে পারেন।
- ৭.৩. চলচ্চিত্রটির রিভাইজড ভার্সন জমা দেওয়া হলে সেন্সর সনদপত্র প্রাপ্তির পূর্ণ প্রক্রিয়া নতুন করে শুরু হয়।